# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

# বেসরকারি আইসিডি / সিএফএস
# নীতিমালা ২০১৬

## জুন- ২০১৬

নং- নৌপম/চবশা/নীতি ৩/২০০৩-১৩৩ তারিখঃ ১৯ বৈশাখ, ১৪২৩ / ০২ মে, ২০১৬

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

# বেসরকারি আইসিডি / সিএফএস নীতিমালা ২০১৬

## জুন- ২০১৬

নং- নৌপম/চবশা/নীতি ৩/২০০৩-১৩৩ তারিখঃ ১৯ বৈশাখ, ১৪২৩ / ০২ মে, ২০১৬

# "বেসরকারি আইসিডি / সিএফএস নীতিমালা ২০১৬"

## সূচিপত্র


| ক্রঃ নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | ভূমিকা | ৪ |
| ২. | আইসিডি/সিএফএস স্থাপন ও পরিচালনা নীতিমালা প্রণয়নের উদ্দেশ্য | ৪ |
| ৩. | সংক্ষিপ্ত শিরোনাম ও অধিক্ষেত্র | ৫ |
| ৪. | সংজ্ঞা | ৫-৬ |
| ৫. | আইসিডি/সিএফএস স্থাপন ও পরিচালনার নিয়মাবলি | ৬ |
| ৫.১ | আবেদন ও অনুমোদন প্রক্রিয়া | ৬-৮ |
| ৫.২ | স্থান নির্বাচন | ৮-৯ |
| ৬. | বেসরকারি আইসিডি/সিএফএস এর অবকাঠামোগত, যান্ত্রিক ও যোগাযোগ সুবিধাদি | ৯-১০ |
| ৭. | বেসরকারি আইসিডি/সিএফএস এর কর্মপরিধি | ১০-১১ |
| ৮. | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | ১১ |
| ৮.১ | আন্তর্জাতিক সমুদ্র বন্দর/অভ্যন্তরীণ নৌ-বন্দর/স্থল বন্দরের সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক | ১২ |
| ৮.২ | কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক | ১৩-১৫ |
| ৮.৩ | বিনিয়োগ বোর্ড/অর্থনৈতিক জোন/বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ কর্তৃপক্ষের সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক | ১৫ |
| ৮.৪ | বাংলাদেশ ব্যাংক এবং ইন্সুরেন্স ও ব্যাংকিং কর্তৃপক্ষের সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক | ১৫-১৬ |
| ৮.৫ | ফ্রেইট ফরওয়ার্ডার/মেইন লাইন অপারেটর (এমএলও) এর সাথে আইসিডি/ সিএফএস এর সম্পর্ক | ১৬-১৭ |
| ৮.৬ | সিএন্ডএফ এজেন্টেদের সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক | ১৮-১৯ |
| ৮.৭ | আমদানিকারক ও রপ্তানিকারক এর সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক | ১৯-২০ |
| ৮.৮ | কন্টেইনার পরিবহন সংস্থা/অপারেটর এর সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক | ২০-২১ |
| ৯. | আইসিডি/সিএফএস এর সেফটি ও সিকিউরিটি | ২১ |
| ১০. | আইসিডি/সিএফএস নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ | ২২ |
| ১১. | আইসিডি/সিএফএস এর ট্যারিফ | ২২ |
| ১২. | আইসিডি/সিএফএস এ শ্রমিক নিয়োগ | ২৩ |
| ১৩. | আইসিডি/সিএফএস কার্যক্রম পর্যবেক্ষণের জন্য মনিটরিং কমিটি | ২৩ |
| ১৩.১ | মনিটরিং কমিটি গঠন | ২৩ |
| ১৩.২ | মনিটরিং কমিটির কার্যপরিধি | ২৩-২৪ |
| ১৪. | আচরণবিধি | ২৪ |
| ১৫. | আইসিডি/সিএফএস এর জন্য প্রযোজ্য করণীয় | ২৪-২৫ |
| ১৬. | নীতিমালা সংশোধন | ২৫ |
| ১৭. | বিরোধ নিষ্পত্তিকরণ | ২৫ |
| ১৮. | আইসিডি / সিএফএস স্থাপনের জন্য আবেদন পত্রের ছক (সংযোজনী-ক) | ২৬-২৭ |
| ১৯. | প্রয়োজনীয় কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইক্যুইপমেন্ট তথ্য (সংযোজনী-খ) | ২৮-৩১ |

# ভূমিকাঃ

বর্তমান বিশ্ব বাণিজ্যে সমুদ্র পথে পণ্য পরিবহনে কন্টেইনারের ব্যাপক ব্যবহারের প্রভাব বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যেও পড়েছে। বিশ্বের উন্নত দেশ সমূহের ন্যায় আমাদের দেশেও Multimodal Transport System অনুসরণীয় বিধায় এর আওতায় সড়ক, রেল, নৌ ও আকাশ পথে পণ্য সামগ্রী বন্দর ব্যবহারকারীদের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার প্রচেষ্টা নেওয়া হচ্ছে। এরই ধারাবাহিকতায় বন্দর কর্তৃপক্ষ ও কাস্টমস্ কর্তৃপক্ষের সহযোগীতায় বেসরকারি উদ্যোগে চট্টগ্রামসহ দেশের বিভিন্ন স্থানে বেশ কিছু বেসরকারি আইসিডি (ইনল্যান্ড কন্টেইনার ডিপো) ও সিএফএস (কন্টেইনার ফ্রেইট স্টেশন) স্থাপিত হয়েছে এবং ভবিষ্যতে আরও আইসিডি/ সিএফএস স্থাপিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

বন্দর সেবা বাংলাদেশের সর্বত্র পৌঁছে দেওয়ার লক্ষ্যে সড়ক, রেল, নৌ ও আকাশ পথ অর্থাৎ যোগাযোগ ব্যবস্থা বিবেচনায় রেখে সুবিধাজনক স্থানে বেসরকারি উদ্যোগে আইসিডি/সিএফএস স্থাপনে সরকার উৎসাহিত করছে। তবে ইতোমধ্যে স্থাপিত এবং ভবিষ্যতে স্থাপিতব্য আইসিডি/সিএফএস স্থাপন, পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পর্কে সুনির্দিষ্ট কোনো নীতিমালা না থাকায় এ বিষয়ে সুষ্ঠু এবং সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন অত্যাবশ্যক বিধায় সরকার এতদসংক্রান্ত নীতিমালা প্রণয়ন করার উদ্যোগ নিয়েছে।

### *২. আইসিডি/সিএফএস স্থাপন ও পরিচালনা নীতিমালা প্রণয়নের উদ্দেশ্য ঃ*

১.১ ডোর-টু-ডোর কন্টেইনার সার্ভিস প্রদান করা।

১.২ সমুদ্র/নদী/স্থল বন্দরের কাজের দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা।

১.৩ বন্দরের অভ্যন্তরে কন্টেইনার, মালামাল এবং যানবাহন জট নিরসন করা।

১.৪ আইসিডি ব্যবহারকারীদের ও আইসিডি কর্তৃপক্ষের মধ্যে পারস্পরিক ব্যবসায়িক পরিবেশ ও সম্পর্ক সমুন্নত রাখা।



### *৩. সংক্ষিপ্ত শিরোনাম ও অধিক্ষেত্র ঃ*

৩.১ এ নীতিমালা "বেসরকারি খাতে ইনল্যান্ড কন্টেইনার ডিপো (আইসিডি) ও কন্টেইনার ফ্রেইট স্টেশন (সিএফএস) নীতিমালা, ২০১৬" নামে অভিহিত হবে।

৩.২ এ নীতিমালায় বর্ণিত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে কাস্টমস্ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও সংশ্লিষ্ট বন্দর কর্তৃক অনুমোদিত স্থানে সড়ক, নৌ-পথ, রেলপথ, আকাশপথ বা একাধিক মাধ্যমের (Mode of Transport) উপর ভিত্তি করে উৎপাদন, বিতরণ ও ভোক্তাদের কেন্দ্রে বা উপযুক্ত স্থানে বা ইপিজেড, সরকারি বা বেসরকারি শিল্প এলাকা, শিল্প পার্ক/ফ্রি ট্রেড জোন/স্পেশাল ইকনমিক জোনসমূহ ইত্যাদি বিবেচনায় বেসরকারি খাতে আইসিডি/সিএফএস প্রতিষ্ঠিত হবে।

৩.৩ এ নীতিমালা প্রবর্তিত হওয়ার পর বেসরকারি খাতে আইসিডি/সিএফএস পরিচালনার ক্ষেত্রে পরবর্তী কোনো আদেশ/নির্দেশ বা বিধিনিষেধ সরকার কর্তৃক জারী না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৩.৪ ইতোমধ্যে স্থাপিত ও পরবর্তীতে স্থাপিতব্য সকল আইসিডি/সিএফএস এর জন্য এই নীতিমালা প্রযোজ্য হবে।

### ৪. সংজ্ঞা ঃ

৪.১ "ইনল্যান্ড কন্টেইনার ডিপো" (আইসিডি) বলতে দেশের অভ্যন্তরে অবস্থিত কাস্টমস্ বন্ডেড কন্টেইনার ডিপোকে বুঝাবে যেখানে কোনো বন্দর থেকে আমদানি পণ্য কাস্টমস্ কর্তৃক রেকর্ডকৃত সীলড্ কন্টেইনারে পরিবহন করে সংরক্ষণ করা যায়, আনস্টাফিং করা যায়, আনস্টাফিংকৃত মালামাল সিএফএস অভ্যন্তরে সংরক্ষণ করা যায় এবং যেখান থেকে প্রয়োজনীয় শুল্কায়ন শেষে আমদানিকৃত কন্টেইনার ও মালামাল (আনস্টাফিং করে বা না করে) আমদানিকারকের নিজস্ব চত্বরে বহনের জন্য খালাস করা যায়; রপ্তানির ক্ষেত্রে রপ্তানিকারকের চত্বর থেকে আইসিডিতে আগত রপ্তানিযোগ্য কন্টেইনার (প্রযোজ্য ক্ষেত্রে), পণ্য কন্টেইনারে স্টাফিংয়ের পূর্বে সংরক্ষণ করা যায় এবং পরবর্তীতে কাস্টমস্ আনুষ্ঠানিকতা শেষে স্টাফিংপূর্বক সীলড্ কন্টেইনারে রপ্তানির জন্য বন্দরে প্রেরণ করা যায়; আমদানি/ রপ্তানিসহ খালি কন্টেইনার সংরক্ষণ, আন্তঃদেশীয় ট্রানজিট কন্টেইনার হ্যান্ডলিং ও সংরক্ষণ, মালামাল স্টাফিং ও আনস্টাফিং করা যায়।

৪.২ "কন্টেইনার ফ্রেইট স্টেশন" (সিএফএস) হচ্ছে কন্টেইনার হ্যান্ডলিং সুবিধা সম্বলিত কাস্টমস্ বন্ডেড ওয়্যারহাউজ/এরিয়া যেখানে প্রধানতঃ রপ্তানিয় পণ্য পরীক্ষা ও খালি কন্টেইনারে স্টাফিং করা হয়, কাস্টমস্ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট আমদানি পণ্য সীলড্ কন্টেইনারে পরিবহন ও খালাস প্রদান করা হয় অথবা উক্ত এক বা একাধিক ধরণের কার্যাবলি পরিচালনা করা হয়।

৪.৩ "বন্দর" বলতে নৌ-পরিবহন মন্ত্রণালয় এর নিয়ন্ত্রনাধীন সমুদ্র বন্দর, নৌ বন্দর ও স্থল বন্দরকে বুঝাবে।

৪.৪ "কর্তৃপক্ষ" বলতে নৌ-পরিবহন মন্ত্রণালয় এর নিয়ন্ত্রনাধীন সমুদ্র বন্দর, নৌ বন্দর, স্থল বন্দর কর্তৃপক্ষকে বুঝাবে।

৪.৫ "বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সিং কর্তৃপক্ষ" বলতে বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্স প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস্ / কাস্টমস্ কর্তৃপক্ষকে বুঝাবে।

## ৫. *আইসিডি/সিএফএস স্থাপন ও পরিচালনার নিয়মাবলী ঃ*

বেসরকারি খাতে বাংলাদেশের অভ্যন্তরে আইসিডি/সিএফএস স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করতে হবে।

### ৫.১ *আবেদন ও অনুমোদন প্রক্রিয়া ঃ*

৫.১.১ আইসিডি/ সিএফএস স্থাপন ও পরিচালনার জন্য নির্ধারিত ছকে (সংযোজনী-ক) উদ্যোক্তাকে প্রয়োজনীয় ডকুমেন্টসহ ন্যূনপক্ষে ৪ কপি আবেদনপত্র নৌ-পরিবহন মন্ত্রণালয়ে পেশ করতে হবে।

৫.১.২ আবেদনপত্র পাওয়ার পর নৌ-পরিবহন মন্ত্রণালয় দশ (১০) কার্যদিবসের মধ্যে মতামতের জন্য প্রতিলিপি সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে। সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষ একটি কমিটির মাধ্যমে (যে কমিটিতে কাস্টমস্ কর্তৃপক্ষের প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকবে) প্রস্তাবিত এলাকা সরেজমিনে পরিদর্শন করে ৩০ কার্যদিবসের মধ্যে মতামত মন্ত্রণালয়ে প্রেরণ করবে।



৫.১.৩ সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষ হতে মতামত পাওয়ার পর নৌ-পরিবহন মন্ত্রণালয় ৩০ কার্যদিবসের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবে।

৫.১.৪ সংশ্লিষ্ট আইসিডি অনুমোদন পাওয়ার ৯০ দিনের মধ্যে অবকাঠামো নির্মাণের কাজ শুরু করে অনুর্ধ্ব ১৮ মাসের মধ্যে তা সম্পন্ন করতে হবে। নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় সরঞ্জাম, অবকাঠামো ও সুবিধাদি নির্মাণের পর জাতীয় রাজস্ব বোর্ডের এতদসংক্রান্ত আদেশ ও The Customs Act, ১৯৬৯-এর বিধান ও সংশ্লিষ্ট বিধিমালা অনুসরণ করে বন্ড লাইসেন্স গ্রহণ করতে হবে। নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অনুমোদন এবং বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সিং কর্তৃপক্ষ থেকে বন্ড লাইসেন্স গ্রহণ করে কাজ শুরু করার জন্য আইসিডি কর্তৃপক্ষ বন্দর কর্তৃপক্ষ বরাবর আবেদন পেশ করবে। বন্দর কর্তৃপক্ষ পরিদর্শনান্তে সংশ্লিষ্ট আইসিডি কর্তৃক প্রয়োজনীয় শর্তাদি প্রতিপালন নিশ্চিত হয়ে নির্ধারিত ফি এবং জামানত গ্রহণের পর ৩০ কার্যদিবসের মধ্যে কার্যক্রম শুরু করার জন্য অনুমতি প্রদান করবে।

৫.১.৫ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/মন্ত্রণালয় কর্তৃক আইসিডি/সিএফএস স্থাপনের বিষয় অনুপযুক্ত বিবেচিত হলে সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়-এর নিকট পুনর্বিবেচনার জন্য আবেদনকারী আবেদন করতে পারবে। এক্ষেত্রে যে কারণে অনুপযুক্ত বিবেচিত হয়েছিল সে সকল বিষয় প্রতিপালন করতে হবে। পুনর্বিবেচনার আবেদন পাওয়ার পর মন্ত্রণালয় মতামতের জন্য সংশ্লিষ্ট বন্দরে প্রেরণ করবে।

৫.১.৬ কোনো দেশীয় উদ্দ্যোক্তা বিদেশি প্রতিষ্ঠানের সাথে জয়েন্ট ভেনচার কোম্পানী হিসেবে প্রতিষ্ঠিত হলে সে ক্ষেত্রে কমপক্ষে ৫১ ভাগ দেশীয় অংশীদারী থাকতে হবে।

৫.১.৭ প্রকল্পের কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক ইত্যাদির পূর্ণাঙ্গ হালনাগাদ তথ্য সংরক্ষণ করতে হবে। শ্রমিকদের ক্ষেত্রে বয়স উল্লেখসহ পরিচয় পত্র সংরক্ষণ করতে হবে এবং ১৮ বছরের নিচে কোনো শ্রমিক নিয়োগ করা যাবে না। শ্রমিক নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ও তৎপরবর্তী সংশোধনী, ইত্যাদি মেনে চলতে হবে।

৫.১.৮ ৫.১.৬ অনুযায়ী জয়েন্ট ভেনচার প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বদেশীয় বা বিদেশি প্রতিষ্ঠান/উদ্যেক্তা কেবলমাত্র অপর এক বা একাধিক একশত ভাগ স্বদেশীয় প্রতিষ্ঠান/উদ্যেক্তার নিকট বিক্রি করতে পারবে এবং তা অবশ্যই আইসিডি অপারেশনের ন্যূনতম ৭ (সাত) বছর পর হতে হবে। উক্ত বিষয়ে সরকারের প্রচলিত আইন অনুসৃত হবে।

৫.২ *স্থান নির্বাচন ঃ*

৫.২.১ বিনিয়োগকারীদের নিজস্ব মালিকানাধীন/ক্রয়কৃত/ভাড়া (লিজ) জায়গায় আইসিডি/সিএফএস স্থাপন করতে হবে। যানজটের বিষয়টি বিবেচনায় রেখে সংশ্লিষ্ট বন্দর থেকে ন্যূনতম ২০ কিঃমিঃ দুরে আইসিডি/ সিএফএস স্থাপন করতে হবে। ইপিজেড এলাকায় আইসিডি/ সিএফএস স্থাপন করার ক্ষেত্রে প্রয়োজনে দূরত্ব শিথিল করা যেতে পারে। তবে প্রশাসনিক, কাস্টমস্, ট্রাফিকের এবং যোগাযোগের ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টিকারী স্থানসমূহে আইসিডি/সিএফএস স্থাপন করা যাবে না।

**মতামত ঃ যেহেতু রাজস্ব বোর্ডের অফিস আদেশ- ৩(১) রপ্তানি ও বন্ড/৯৬/৫৪৮-৫৫৬; তারিখ ঃ ৩০/০৩/১৯৯৮ খ্রিঃ আদেশের ৭ নং অনুচ্ছেদে বর্ণিত প্রস্তাবিত আইসিডি চট্টগ্রাম বন্দর এলাকা থেকে অনধিক ২০ কিঃ মিঃ এর মধ্যে অবস্থিত হতে হবে মর্মে উল্লেখ থাকায় ন্যূনতম দূরত্ব নির্ধারণের বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ড এবং নৌ-পরিবহন মন্ত্রণালয় পর্যালোচনা পূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবেন।**

৫.২.২ রেল, সড়ক, নৌ ও আকাশপথ মাধ্যমগুলোর মধ্যে এক বা একাধিক মাধ্যমের সাথে প্রস্তাবিত আইসিডি/সিএফএস এর যোগাযোগের ব্যবস্থা থাকতে হবে।

৫.২.৩ জাতীয় বা আঞ্চলিক মহাসড়ক বা জেলা সড়ক হতে কমপক্ষে ২০০ মিটার দূরত্বে আইসিডি/সিএফএস এর প্রবেশ ও নির্গমন এর গেট স্থাপিত হতে হবে যাতে করে জাতীয় বা আঞ্চলিক মহাসড়কে বা জেলা সড়কে আইসিডি/সিএফএস স্থাপনের কারণে যানজটের সৃষ্টি না হয়।



৫.২.৪ সিটি কর্পোরেশন, প্রথম শ্রেণির পৌরসভা ঘোষিত এলাকা ও অন্যান্য শহরের মূল এলাকার মধ্যে আইসিডি/সিএফএস স্থাপন করা যাবে না। তবে ইপিজেড ও অর্থনৈতিক জোন এর ক্ষেত্রে এবং ইতোমধ্যে স্থাপিত আইসিডি/সিএফএস এর ক্ষেত্রে এ শর্তাদি শিথিলযোগ্য হবে এবং সিটি কর্পোরেশন, প্রথম শ্রেণির পৌরসভা ও অন্যান্য শহরের মূল এলাকায় বিদ্যমান/ইতোমধ্যে স্থাপিত আইসিডি/সিএফএস সম্প্রসারণ করা যাবে না। তবে যৌক্তিক প্রয়োজনে নৌ-পরিবহন মন্ত্রণালয় ও বন্ডেড ওয়ারহাউজ লাইসেন্সিং কর্তৃপক্ষ এর অনুমতিক্রমে মূল অনুমোদিত এলাকার সর্বসাকুল্যে সর্বোচ্চ ১৫% পর্যন্ত সম্প্রসারণ করা যাবে।

৫.২.৫ আইসিডি'র আয়তন কমপক্ষে ১৫(পনের) একর হতে হবে।

৫.২.৬ সিএফএস এর আয়তন আইসিডির আয়তন এর ন্যূনতম পাঁচ ভাগের এক ভাগ হতে হবে।

**৬. *বেসরকারি* আইসিডি/সিএফএস এর অবকাঠামোগত, যান্ত্রিক ও যোগাযোগ সুবিধাদি ঃ**

৬.১ পানি ও বিদ্যুতের সার্বক্ষণিক ব্যবস্হা থাকতে হবে।

৬.২ রিফার কন্টেইনার সংরক্ষণের জন্য ন্যূনতম ৫০টি প্লাগ পয়েন্ট এবং আমদানি কন্টেইনার, রপ্তানি কন্টেইনার ও খালি কন্টেইনার হ্যান্ডলিং ও সংরক্ষণের জন্য পর্যাপ্ত আয়তনের যথোপযুক্ত ইয়ার্ড নির্মাণ করতে হবে।

৬.৩ আইসিডি/সিএফএস-এ পরিচালনাকারীর নিজস্ব লোকবলসহ কাস্টমস্ কর্তৃপক্ষ ও অন্যান্য ব্যবহারকারীদের প্রয়োজনীয় কাজ সম্পাদনের জন্য পর্যাপ্ত সংখ্যক দপ্তর, কক্ষ, টয়লেট, কেন্টিন, আইটি নেটওয়ার্ক, ইত্যাদি সুবিধা থাকতে হবে।

৬.৪ যানবাহনের সুষ্ঠু চলাচল বিবেচনায় রেখে উপযুক্ত মানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক গেইট হাউস সম্বলিত গেইট স্থাপন করতে হবে। কন্টেইনার মুভমেন্ট ও হ্যান্ডলিং এর জন্য আইসিডির-র অভ্যন্তরে পর্যাপ্ত পরিসরে ইক্যুইপমেন্ট এবং যানবাহনের সুষ্ঠু চলাচলের সুবিধা থাকতে হবে।

৬.৫ অপেক্ষমান যানবাহনের পার্কিং এর জন্য আইসিডি-র অভ্যন্তরে পর্যাপ্ত পরিসরের পার্কিং সুবিধা থাকতে হবে। আইসিডি/সিএফএস ও তৎসংলগ্ন এলাকায়/সড়কে যাতে কোনো যানজট সৃষ্টি না হয় সেজন্য আইসিডি/ সিএফএস পরিচালনাকারীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬.৬ মালামাল/কন্টেইনার হ্যান্ডলিং কার্য সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় হ্যান্ডলিং ইক্যুইপমেন্ট থাকতে হবে যা 'সংযোজনী-খ' তে বর্ণনা করা আছে।

৬.৭ উন্নত সেবা প্রদানের জন্য সমুদ্র, নৌ, স্থল ও বিমান বন্দর, ব্যাংক, কাস্টমস্ কর্তৃপক্ষ ও ব্যবহারকারীদের সাথে টেলিফোন, ফ্যাক্স, ই-মেইল, কম্পিউটার নেটওয়ার্ক ও রেডিও টেলিকমিউনিকেশন ইত্যাদিসহ সম্ভাব্য আধুনিক ও উন্নত তথ্য যোগাযোগ ব্যবস্থা থাকতে হবে।

৮.৮ আইসিডি/সিএফএস এর ইয়ার্ড/ফ্লোর এর উচ্চতা অতিবর্ষণ জনিত জলবদ্ধতামুক্ত হতে হবে এবং আধুনিক ড্রেনেজ সিস্টেমের ব্যবস্থা থাকতে হবে।

৮.৯ আইসিডি/সিএফএস যথোপযুক্ত সীমানা প্রাচীর দ্বারা বেষ্টীত হতে হবে।

## ৭. *বেসরকারি আইসিডি/সিএফএস এর কর্মপরিধি ঃ*

৭.১ বেসরকারি আইসিডি/সিএফএস পরিচালনাকারী কন্ট্রাক্ট এ্যাক্ট (Contract Act), ১৮৭২ অনুযায়ী একটি বন্দর বা ওয়্যারহাউজের ন্যায় বেইলীর দায়িত্ব পালন করবে এবং The Customs Act, 1969 এর বিধানাবলি, জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন ও আদেশ, বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং কর্তৃপক্ষের আদেশ অনুসরণপূর্বক এ বিষয়ক যাবতীয় দায়-দায়িত্ব প্রতিপালনপূর্বক বেসরকারি আইসিডি/সিএফএস পরিচালনা করবে।

৭.২ আমদানি/রপ্তানি পণ্য খালাস/বোঝাই এবং খালি কন্টেইনার হ্যান্ডলিং, ওয়াশিং, মেরামত ও সংরক্ষণ।

৭.৩ বৈদেশিক মুদ্রায় আইসিডি সেবা মাশূল গ্রহণের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রন আইনের সংশ্লিষ্ট ধারা প্রতিপালন সাপেক্ষে বাংলাদেশ ব্যাংকের অনুমতি গ্রহনপূর্বক বিদেশি ক্রেতা কর্তৃক নিয়োজিত ফ্রেইট ফরওয়ার্ডার / এমএলও এর সাথে আমদানি বা রপ্তানি কন্টেইনার হ্যান্ডলিং করতে পারবে। সেই ক্ষেত্রে আইসিডি'র সকল মাশুল বা চার্জ ইউএস ডলার বিনিময় হারে নির্ধারিত হবে।

৭.৪ আইসিডি/সিএফএস-এ রপ্তানিযোগ্য মালামাল কনসোলিডেশন, হ্যান্ডলিং ও কন্টেইনারে স্টাফিং, সংরক্ষণ, এবং জাতীয় রাজস্ব বোর্ড ও বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত আমদানিকৃত পণ্য আনস্টাফিং, সংরক্ষণ ও খালাস প্রদান।



৭.৫ কন্টেইনারের প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ/মেরামত।

৭.৬ আমদানিকৃত কন্টেইনার/কার্গো গ্রহণ ও ডেলিভারি এবং রপ্তানিযোগ্য কন্টেইনার/কার্গো গ্রহণ ও ডেসপাচ।

৭.৭ আইসিডি/সিএফএস ব্যবহারকারীর চাহিদা অনুযায়ী কোনো কাস্টমস্ বন্ডেড স্টেশন/ওয়ারহাউস/সিএফএস/ ইপিজেড/বন্দর ইত্যাদি থেকে কন্টেইনার গ্রহণ, প্রেরণ বা পরিবহন করা এবং খালি কন্টেইনারসমূহ আইসিডি/ সিএফএস এ ফেরত আনা।

৭.৮ কন্টেইনার পরিবহনের যাবতীয় দায়-দায়িত্ব বহন।

৭.৯ আইজিএম (IGM), টার্মিনাল রিসিট (Terminal Receipt), ইআইআর (Equipment Interchange Receipt) ইত্যাদি ভিত্তিতে কন্টেইনার/ কার্গোর হিসাব নিষ্পত্তিকরণ।

৭.১০ বন্দরের সাথে যৌথ হিসাব-নিকাশের মাধ্যমে ওটিআর (Out Turn Report) নিষ্পত্তিকরণ।

## ৮. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ঃ

প্রাতিষ্ঠানিক ব্যবস্থা বলতে কাস্টমস্ কর্তৃপক্ষ, বাংলাদেশ ব্যাংক, বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক, বীমা প্রতিষ্ঠান, বন্দর কর্তৃপক্ষ, রেল, সড়ক, বিমান ও নৌ-পরিবহন কর্তৃপক্ষ, জাহাজ মালিক, সিএন্ডএফ এজেন্ট, বিভিন্ন ট্রান্সপোর্ট অপারেটর, ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট ইত্যাদি, প্রতিষ্ঠানের সাথে আইসিডি/সিএফএস কর্তৃপক্ষের সম্পর্ক, নিয়ন্ত্রণ ও মালামাল বা কন্টেইনার চলাচলের জন্য প্রবর্তিত নিয়মকানুন বা আনুষ্ঠানিকতা বুঝায়। কোনো রকম কালক্ষেপণ না করে কন্টেইনার রেল, সড়ক, অভ্যন্তরীণ নদীপথ বা জাহাজযোগে যে মাধ্যমেই পরিবাহিত হোক না কেন সংশ্লিষ্ট সকল সংস্থা বা কর্তৃপক্ষকে এসব কন্টেইনার দ্রুত খালাস ও নিরাপদ পরিবহনের ব্যবস্থা করতে হবে। এ সকল বিষয় বিবেচনায় রেখে উন্নত দেশের ন্যায় মালামাল পরিবহনের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানের সাথে আইসিডি/সিএফএস এর যে সম্পর্ক হতে পারে তা নিম্নরূপ ঃ

## ৮.১ আন্তর্জাতিক সমুদ্র বন্দর/অভ্যন্তরীণ নৌ বন্দর/স্থল বন্দরের সাথে আইসিডি/সিএফএস-এর সম্পর্ক ঃ

৮.১.১ জাহাজ থেকে খালাসের ২৪ ঘন্টার মধ্যে Container নির্ধারিত Off-Dock এর উদ্দেশ্যে নিয়ে যেতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে জাহাজে Stowage Plan বিবেচনায় রেখে জাহাজ থেকে কন্টেইনার আইসিডি/সিএফএসগামী ট্রেইলারে বোঝাই করার ব্যবস্থা নিতে হবে।

৮.১.২ বন্দর কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে রপ্তানিযোগ্য কন্টেইনার প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করতঃ গেইট ইন করে ইয়ার্ডে সংরক্ষণ করার ব্যবস্থা নিতে হবে। ক্ষেত্র বিশেষে জাহাজের Stowage Plan বিবেচনায় রেখে আইসিডি/সিএফএস থেকে আগত কন্টেইনার প্রচলিত বিধি বিধান অনুস্মরণপূর্বক সরাসরি জাহাজে বোঝাই করা যাবে।

৮.১.৩ সমুদ্র বন্দরের ন্যায় অভ্যন্তরীণ নৌ-বন্দর/স্থল বন্দর এর মাধ্যমে আমদানি / রপ্তানি পণ্য/কন্টেইনার আইসিডি/সিএফএস-এ হ্যান্ডলিং করা যাবে।

৮.১.৪ কন্টেইনার/কার্গো হস্তান্তরে বন্দর ও কাস্টমস্ কর্তৃপক্ষ কর্তৃক প্রচলিত পদ্ধতি ও দলিলাদি, ইক্যুইপমেন্ট ইন্টারচেঞ্জ রিসিট/টালি সিট (EIR/CIR/Tally sheet), ইত্যাদি আইসিডি/সিএফএস-এর কাছে গ্রহণযোগ্য হবে। প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যমান অটোমেশন পদ্ধতি/সিটিএমএস (CTMS) অনুস্মরণ করতে হবে।

৮.১.৫ আইসিডি/সিএফএস এর উদ্যোক্তা সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের সঙ্গে অপারেশনাল চুক্তি সম্পাদন করবে।

৮.১.৬ কোনো অনিয়ম না থাকলে বা কোনো অভিযোগ অনিস্পন্ন না থাকলে বন্দর কর্তৃপক্ষের চাহিদামত দলিলাদি যথাযথ উপস্থাপন পূর্বক কাস্টমস্ কর্তৃক নির্ধারিত সময় অন্তর অন্তর বন্দর কর্তৃপক্ষের সাথে অপারেশনাল চুক্তি নবায়ন করতে হবে।

৮.১.৭ অফডক/সিএফএস প্রতিষ্ঠার অনুমতি পত্রের কোনো শর্ত ভঙ্গঁ করলে বন্দর কর্তৃপক্ষ অফডকের কার্যক্রম সাময়িক স্থগিত করতে পারবে এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ে অনুমতি বাতিলের সুপারিশ করতে পারবে। এক্ষেত্রে অফডক পরিচালনাকারী সংক্ষুব্দ্ধ হলে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে প্রতিকার চেয়ে আবেদন করতে পারবে। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।



## ৮.২ কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক ঃ

৮.২.১ আইসিডি/ সিএফএস-এ কার্যক্রম (Operation) শুরু করার পূর্বেই কাস্টম বন্ড এলাকা হিসেবে ঘোষনার জন্য The Customs Act, 1969- এর প্রযোজ্য বিধানসহ তদঅধীনে প্রণীত বিধিমালা, জাতীয় রাজস্ব বোর্ডের অফিস আদেশ ৩(১) রপ্তানি ও বন্ড /৯৬/৫৪৮-৫৫৬; তারিখ ৩০/০৩/১৯৯৮ খ্রিঃ মোতাবেক প্রয়োজনীয় শর্তাবলি প্রতিপালনপূর্বক যথানিয়মে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট থেকে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স গ্রহণ করতে হবে।

৮.২.২ জাতীয় রাজস্ব বোর্ডের অফিস আদেশ ৩(১) রপ্তানি ও বন্ড/৯৬/৫৪৮-৫৫৬; তারিখ ৩০/০৩/১৯৯৮ খ্রিঃ এবং কাস্টমস্ কর্তৃপক্ষের চলমান নির্দেশনা মতে লেটার অব ক্রেডিট এবং বিল অব লেডিং এ পণ্যের গন্তব্যস্থান বেসরকারি আইসিডির নাম উল্লেখ থাকলে সেই মতেই আমদানিকৃত কন্টেইনার মেনিফেস্ট কাস্টমস্ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পর আইসিডি/সিএফএস এ তা গৃহীত হবে এবং কন্টেইনার প্রেরণ করা যাবে।

৮.২.৩ জাতীয় রাজস্ব বোর্ড ও বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও নির্দিষ্টকৃত আমদানি কন্টেইনার/পণ্য বেসরকারি আইসিডিতে স্থানান্তর, সেখান থেকে আনস্টাফিং ও খালাস প্রদান করতে হবে। এক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষের আদেশ/নির্দেশনা/নীতিমালা অনুসরণ করতে হবে।

৮.২.৪ রপ্তানিকৃত পণ্য গ্রহণ, সংরক্ষণ, স্টাফিং, কন্টেইনার সিলকরণ ও রপ্তানি পণ্যের কন্টেইনার পরিবহনের ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষের আদেশ/নির্দেশনা/নীতিমালা অনুস্মরণ করতে হবে।

৮.২.৫ খালি কন্টেইনার পরিবহন, স্থানান্তর ও সংরক্ষণের ক্ষেত্রে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত আদেশসমূহ অনুস্মরণ করতে হবে।

৬.৬.৬ এমএলও/শিপিং এজেন্ট/এনভিওসিসি/ফ্রেইট ফরওয়ার্ডারগণের সাথে যৌথভাবে প্রতিদিনের আমদানিকৃত ও রপ্তানিকৃত পণ্য চালানসমূহের সমন্বিত প্রতিবেদন পরদিন কাস্টমস্ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

৮.২.৭ The Customs Act, 1969- এর প্রযোজ্য বিধানসহ তদঅধীনে প্রণীত বিধিমালা, জাতীয় রাজস্ব বোর্ডের এতদসংক্রান্ত আদেশ এবং বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং কর্তৃপক্ষের আদেশ/নির্দেশনা মেনে চলতে হবে। তবে জাতীয় রাজস্ব বোর্ড অথবা বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং কর্তৃপক্ষ যেকোন সময় প্রদত্ত লাইসেন্স এর বিষয়ে অথবা আইসিডি এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে যে কোনো শর্ত, পদ্ধতি, নীতিমালা ইত্যাদি আরোপ/ প্রণয়ন/ প্রবর্তন করতে পারবেন।

৮.২.৮ আইসিডি/সিএফএসসমূহে কাস্টমস্ কর্মকর্তাদের কাজের জন্য বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত লে-আউট অনুযায়ী প্রয়োজনীয় স্পেস/কক্ষ ও মানসম্পন্ন অফিস সরঞ্জামাদিসহ যাবতীয় অবকাঠামোগত সুবিধা এবং দাপ্তরিক কাজ ও যাতায়াতের জন্য যানবাহন বেসরকারি আইসিডি কর্তৃক প্রদান করতে হবে।

৮.২.৯ আমদানিকারক নির্ধারিত সময়ের মধ্যে আমদানি পণ্য ছাড় না করলে আইসিডি/সিএফএস পরিচালনাকারী কাস্টমস্ কর্তৃপক্ষকে অবহিত করবে। এ ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ The Customs Act, 1969 এর বিধান ও জাতীয় রাজস্ব বোর্ডের এতদ্বসংক্রান্ত বিধিমালা/আদেশ এবং কাস্টমস্ কর্তৃপক্ষের জারীকৃত আদেশ মোতাবেক উক্ত পণ্য নিলাম/নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ নিবে।

৮.২.১০ কোনো অনিয়ম না থাকলে বা কোনো অভিযোগ অনিস্পন্ন না থাকলে বা কাস্টমস্ এর পাওনাদি অপরিশোধিত না থাকলে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং কর্তৃপক্ষের চাহিদামত দলিলাদি যথাযথ উপস্থাপন এবং লাইসেন্স নবায়ন ফি পরিশোধপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের অফিস আদেশ ৩(১) রপ্তানি ও বন্ড/৯৬/৫৪৮-৫৫৬; তারিখ ৩০/০৩/১৯৯৮ খ্রিঃ মোতাবেক নির্দিষ্ট সময় অন্তর অন্তর বেসরকারি আইসিডির বন্ড লাইসেন্স নবায়ন করতে হবে।

৮.২.১১ পণ্যের কায়িক পরীক্ষা/ আনস্টাফিং সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি (স্কেল, ওয়ে-ব্রিজ, ফর্কলিফট, স্ট্রাডল ক্যারিয়ার ইত্যাদি) সহ পণ্য এলএমডি করার ব্যবস্থা বেসরকারি আইসিডিতে থাকতে হবে। বন্দরে দ্রুত কন্টেইনার আনা-নেওয়ার লক্ষ্যে পর্যাপ্ত সংখ্যক ট্রাক্টর-ট্রেইলার থাকতে হবে। আইসিডিতে আমদানি পণ্যবাহী কন্টেইনার গ্রহণের জন্য কন্টেইনার স্ক্যানার সিস্টেম স্থাপন করতে হবে। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও পদ্ধতি এবং অনুমোদিত মান অনুস্মরণ করতে হবে।



৮.২.১২ বেসরকারি আইসিডিতে Automation System সুষ্ঠুভাবে ও নির্বিঘ্নে পরিচালনার জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার ও উচ্চগতির ইন্টারনেটের ব্যবস্থাসহ এ সংক্রান্ত যাবতীয় অবকাঠামোগত উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ ব্যয় বেসরকারি আইসিডি কর্তৃক নির্বাহ করতে হবে।

## ৮.৩ বিনিয়োগ বোর্ড/অর্থনৈতিক জোন/বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ কর্তৃপক্ষের সাথে আইসিডি/ সিএফএস এর সম্পর্ক ঃ

৮.৩.১ বিনিয়োগ বোর্ড আইন, ১৯৮৯ এবং বিদ্যমান শিল্পনীতি অনুসারে বেসরকারি খাতে স্থাপিত/স্থাপিতব্য আইসিডি/সিএফএস কে প্রাতিষ্ঠানিক সুযোগ-সুবিধা গ্রহণ করতে হলে সেবা শিল্প হিসেবে বিনিয়োগ বোর্ডে নির্ধারিত পদ্ধতিতে নিবন্ধিত হতে হবে।

৮.৩.২ অর্থনৈতিক জোন ও বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় আইসিডি/ সিএফএস স্থাপনের ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষের নীতিমালা অনুস্মরণ করতে হবে।

৮.৩.৩ আইসিডি/সিএফএস প্রকল্পের জন্য চূড়ান্ত স্থান নির্বাচনের পূর্বেই পরিবেশ অধিদপ্তর থেকে প্রয়োজনীয় ছাড়পত্র নিতে হবে।

৮.৩.৪ আইসিডি/সিএফএস-এ কোনো বিদেশি নাগরিক নিয়োগের প্রয়োজনীয়তা দেখা দিলে উক্ত বিদেশি নাগরিকের জন্য বিনিয়োগ বোর্ড থেকে ওয়ার্ক পারমিট গ্রহণ করতে হবে।

৮.৩.৫ আইসিডি/সিএফএস প্রকল্পে কোনো বৈদেশিক ঋণ, সাপ্লাইয়ার্স ক্রেডিট বা অন্য কোনো স্বল্প বা দীর্ঘ মেয়াদী বৈদেশিক ঋণ গ্রহণ করতে হলে বিনিয়োগ বোর্ডের সংশ্লিষ্ট বৈদেশিক ঋণ কমিটির পূর্বানুমতি নিতে হবে এবং বিনিয়োগ বোর্ড কর্তৃক জারীকৃত নিবন্ধন পত্রে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

## ৮.৪ বাংলাদেশ ব্যাংক এবং ইন্স্যুরেন্স ও ব্যাংকিং কর্তৃপক্ষের সাথে আইসিডি / সিএফএস এর সম্পর্ক ঃ

৮.৪.১ বৈদেশিক মুদ্রা সংক্রান্ত সকল কার্যক্রম/লেনদেন বাংলাদেশে বলবৎ সকল আইন এবং এতদসংক্রান্ত সার্কুলারসমূহের নির্দেশনা অনুযায়ী পরিচালিত হবে। প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক আইসিডি/সিএফএস এর আর্থিক বিষয়াবলি পরীক্ষা/পরিদর্শন করতে পারবে।

৮.৪.২ রাজস্ব আদায়ের সুবিধার্থে প্রতিটি আইসিডি/সিএফএস এ সোনালী ব্যাংক এর শাখা/বুথ থাকতে হবে। আর্থিক লেনদেনের সুবিধার্থে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতিক্রমে যে কোনো বাণিজ্যিক ব্যাংক আইসিডি/সিএফএস এলাকায় তার শাখা স্থাপনের মাধ্যমে কর্ম পরিচালনা করতে পারবে। তবে আর্থিক বিষয়ে যে কোনো সময়ে বা নিয়মিতভাবে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন সরবরাহ করতে হবে।

৮.৪.৩ আইসিডি/সিএফএস এ রক্ষিত মালামালসহ ওয়্যারহাউজের বীমা থাকতে হবে।

## ৮.৫ ফ্রেইট ফরওয়ার্ডার/মেইন লাইন অপারেটর (M.L.O) এর সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক ঃ

৮.৫.১ কাস্টমস্ কর্তৃপক্ষের আদেশ নির্দেশ ও বিধি বিধান অনুস্মরণপূর্বক কাস্টমস্ কর্তৃপক্ষ থেকে ফ্রেইট ফরওয়ার্ডার/এমএলওদের লাইসেন্স প্রাপ্ত হতে হবে। কাস্টমস্ এর বিদ্যমান আদেশ অনুস্মরণে শুধু যে আইসিডির নাম এল সি (LC) তে উল্লেখ থাকবে সে মতে বিল অব লেডিং এর উপর আইসিডি পর্যন্ত গন্তব্য স্থান উল্লেখ থাকতে হবে এবং সে অনুসারে আইজিএম (IGM) দাখিল করতে হবে। বিল অব লেডিং এর উপর যে আইসিডি পর্যন্ত গন্তব্য উল্লেখ থাকবে ফ্রেইট ফরওয়ার্ডার/মেইন লাইন অপারেটরগণ নিজ খরচে উক্ত আইসিডিতে সে কন্টেইনার পাঠাবে। বন্দর হতে প্রাইভেট আইসিডিতে কন্টেইনার পরিবহনের সর্বোচ্চ ভাড়ার হার ট্যারিফ কমিটি নির্ধারণ করবে।

৮.৫.২ ফ্রেইট ফরওয়ার্ডার/এমএলও কর্তৃক আইসিডি/সিএফএস কে অগ্রীম আমদানি মেনিফেস্ট দিতে হবে।

৮.৫.৩ রপ্তানির ক্ষেত্রে কন্টেইনার/কার্গো গ্রহণের বিপরীতে ফ্রেইট ফরওয়ার্ডার /এমএলও/রপ্তানিকারকদের টার্মিনাল রিসিট প্রদান করতে হবে।

৮.৫.৪ প্রয়োজনে কার্গো/কন্টেইনার সংশ্লিষ্ট প্রি-ইন্সপেকশান (Pre-inspection) /পোষ্ট-ইন্সপেকশান (Post-inspection) সার্ভে করার ব্যবস্থা থাকতে হবে।



৮.৫.৫ রপ্তানি ক্ষেত্রে এমএলও/ফ্রেইট ফরওয়াডারের পক্ষে আইসিডি/সিএফএস এর কার্যাবলি নিম্নরূপ হবে।

ক) রপ্তানির লক্ষ্যে আইসিডিতে পণ্য স্টাফিং কর্ম Cycleঃ আইসিডিতে পণ্য স্টাফিং করণ কাজের প্যাকেজে যেসব কার্যাবলি অন্তর্ভূক্ত থাকবেঃ সড়ক পথে বা রেল পথে আগত কন্টেইনার নামানো; সেখান থেকে খালি কন্টেইনারসমূহ সিএফএস এর পণ্য স্টাফিং এলাকায় স্থাপনকরণ; স্টাফিং এর জন্য আইসিডিতে আগত মালামাল, আনলোডিংকরণ ও ওয়ারহাউজে মালামাল সংরক্ষণকরণ; মালামালের ট্যালি প্রস্তুতকরণ; কাস্টমস্ পরীক্ষার ব্যবস্থাকরণ; মালামাল কন্টেইনারজাত করণের পর কন্টেইনার সিলকরণ এবং দূর পথে কন্টেইনার পরিবহনের জন্য আগত সড়ক যান/রেলওয়াগণে সিল কন্টেইনার তুলে দেয়া (মালামাল এবং কন্টেইনার সার্ভেকরণ এই কর্ম Cycle এর অন্তর্ভুক্ত থাকবে)। এক্ষেত্রে অন্তর্ভুক্ত কর্মকান্ডের জন্য চার্জের একটি সর্বোচ্চ হার ট্যারিফ কমিটি নির্ধারণ করবে।

খ) এমএলও/ফ্রেইট ফরওয়ার্ডারের পক্ষে প্রাইভেট আইসিডি হতে কন্টেইনার চুক্তি মতে বন্দর পর্যন্ত পরিবহন (Pre-Carriages) করবে। প্রাইভেট আইসিডি হতে বন্দরে কন্টেইনার পরিবহনের জন্য চার্জের সর্বোচ্চ হার ট্যারিফ কমিটি নির্ধারণ করবে।

৮.৫.৬ আইসিডি/সিএফএস এবং ফ্রেইট ফরওয়ার্ডার/এমএলওদের মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি থাকতে হবে। চুক্তিকারী ফ্রেইট ফরওয়ার্ডার/এমএলওগণ বৈধ লাইসেন্সধারী হতে হবে এবং সরকারের বিভিন্ন সংস্থা সমূহের সংশ্লিষ্ট বিধি বিধান প্রতিপালন স্বাপেক্ষে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন করতে হবে। দ্বি-পাক্ষিক চুক্তির একটি ফরম্যাট মনিটরিং কমিটি নির্ধারণ করবে।

৮.৫.৭ অনিষ্পন্ন/ব্যবহারের অনুপযোগী খালি কন্টেইনার এর বিষয় শিপিং এজেন্ট/মেইন লাইন অপারেটর (এমএলও)-কে পূর্বে অবহিত রেখে কাস্টমস্ আইনের আওতায় আইসিডি/সিএফএস কর্তৃপক্ষকে নিষ্পত্তি করতে হবে।

## ৮.৬ সিএন্ডএফ এজেন্টদের সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক ঃ

৮.৬.১ সিএন্ডএফ এজেন্ট এবং আইসিডি/সিএফএস কর্তৃপক্ষ উভয়ই কাস্টমস্ কর্তৃপক্ষ এবং বন্দরের বিধি বিধান অনুস্মরণপূর্বক কার্য পরিচালনা করবে।

৮.৬.২ আইসিডি/সিএফএস-এ সিএন্ডএফ এজেন্টের কর্মকান্ড পরিচালনার জন্য ইন্টারনেট সুবিধাসহ সিএন্ডএফ হল নামে একটি উপযুক্ত কক্ষ থাকতে হবে।

৮.৬.৩ আন্তর্জাতিক আইন/বিধিবিধান, দেশের প্রচলিত আইন, কাস্টমস্ ও বন্দর কর্তৃপক্ষের বিধি বিধান এবং আইসিডি/সিএফএস এর সার্ভিস চার্জের বিষয়ে নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত নির্ধারিত ট্যারিফ বহির্ভূত কোনো চার্জ সিএন্ডএফ এজেন্ট থেকে আইসিডি/সিএফএস কর্তৃপক্ষ দাবি/আদায় করতে পারবে না।

৮.৬.৪ আমদানি পণ্য খালাস ও রপ্তানি পণ্য প্রেরণের জন্য আইসিডি/সিএফএস পরিচালনাকারী ও সিএন্ডএফ এজেন্টগণ কাস্টমস্ কর্তৃপক্ষ এবং বন্দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত দলিলাদি ব্যবহার করবে।

৮.৬.৫ প্রতিটি আইসিডি/সিএফএস গেইটে পণ্য আগমনি ট্রাক/কাভার্ড ভ্যানের জন্য একটি রিপোটিং রেজিস্টার থাকতে হবে। প্রতিটি সিএন্ডএফ এজেন্ট আইসিডি গেইটে পণ্য আগমনী ট্রাক/কাভার্ড ভ্যানের তথ্য রেজিস্টার লিপিবদ্ধ করবে। পণ্য আগমনী ট্রাক রেজিস্টার এন্ট্রির পর থেকে সর্বোচ্চ ০৪ ঘণ্টার মধ্যে আইসিডি/সিএফএস কর্তৃপক্ষ ট্রাক/কাভার্ড ভ্যানের মালামাল গ্রহণ করে নিবে। এছাড়াও একটি কনসাইনমেন্ট এর অধীন আংশিক (পার্ট) মালামালও একই নিয়মে গ্রহণ করে নিতে হবে। অন্যথায় আইসিডি /সিএফএস কর্তৃপক্ষ ট্রাক/ কাভার্ড ভ্যান ডেমারেজ চার্জ দিতে বাধ্য থাকবে।



৮.৬.৬ আইসিডি/সিএফএস হতে আমদানি পণ্য/কন্টেইনার ডেলিভারির ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ এবং বন্দর কর্তৃপক্ষের যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করার পর আমদানিকারক/সিএন্ডএফ এর চাহিদা (ইনডেন্ট) মোতাবেক মালামাল ডেলিভারি প্রদান করবে। যদি চাহিদা মোতাবেক মালামাল ডেলিভারি দেয়া সম্ভব না হয় সেক্ষেত্রে পরবর্তী পর্যায়ে ডেলিভারির সময় অতিরিক্ত মাশুল আদায় করা যাবে না। ইনডেন্ট মোতাবেক আমদানিকারক যদি মালামাল ডেলিভারির জন্য ট্রাক বা কাভার্ড ভ্যান নিয়োজিত করতে ব্যর্থ হন, তবে সংশ্লিষ্ট কন্টেইনারের বিপরীতে আইসিডি ট্যারিফ মোতাবেক চার্জ প্রযোজ্য হবে।

৮.৬.৭ পণ্য ভর্তি ট্রাক আগমন বিষয়ে আইসিডি গেইটে রেজিস্ট্রেশন ব্যাহত হলে তা ট্রাক চালানসহ আইসিডি মনিটরিং কমিটিকে অবহিত করা যাবে এবং মনিটরিং কমিটি বিষয়টি যাচাইপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। একইভাবে আমদানিকারক/সিএন্ডএফ এর চাহিদা (ইনডেন্ট) মোতাবেক মালামাল ডেলিভারি প্রদান করতে ব্যর্থ হলে মনিটরিং কমিটিকে অবহিত করা যাবে এবং বিষয়টি যাচাইপূর্বক মনিটরিং কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৮.৬.৮ মালামাল ও কন্টেইনারের ওপর আরোপযোগ্য যাবতীয় বন্দর মাশুল, কাস্টমস্ কর ও আইসিডি/সিএফএস এর চার্জ আদায় নিশ্চিত করার পর মালামাল/কন্টেইনার ছাড়/প্রেরণ করতে হবে।

## ৮.৭ আমদানিকারক ও রপ্তানিকারক এর সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক ঃ

৮.৭.১ রপ্তানির লক্ষ্যে সংরক্ষিত মালামাল/কন্টেইনার নির্দিষ্ট সময়ের মধ্যে স্টাফিং/জাহাজীকরণ না হলে সংশ্লিষ্ট রপ্তানিকারক, সিএন্ডএফ এজেন্ট এবং ফ্রেইট ফরওয়ার্ডার/শিপিং এজেন্ট কে মালামাল গ্রহণের ৩০দিন অতিবাহিত হওয়ার পর ১৫ দিন পর পর সর্বোচ্চ ৩টি নোটিশ প্রদানের পরও মালামাল/কন্টেইনার সরিয়ে নেয়া না হলে কাস্টমস্ কর্তৃপক্ষকে অবহিতকরণ পূর্বক আইসিডি/ সিএফএস পরিচালনাকারী কর্তৃপক্ষ কর্তৃক মালামাল অপসারণ (ডিসপোজাল) এর প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

৮.৭.২ মানুষের ব্যবহার অনুপযোগী কিংবা বাণিজ্যিক মূল্যহীন মালামাল সংশ্লিষ্ট সরকারি বিধি-বিধান অনুযায়ী আমদানিকারক ও রপ্তানিকারক তথা এমএলও-কে অবহিত করে কাস্টমস্ কর্তৃপক্ষের সম্মতি নিয়ে যথাযথ পদ্ধতি অনুসরণ পূর্বক আইসিডি/সিএফএস পরিচালনাকারীকে সংশ্লিষ্ট পণ্য ধ্বংসকরণের পদক্ষেপ নিতে হবে।

৮.৭.৩ আইজিএম ঘোষণার তুলনায় পণ্য কম/বেশী আমদানির বিষয়টি অর্থাৎ মেনিফেস্ট ক্লিয়ারেন্স দি কাস্টমস্ অ্যাক্ট, ১৯৬৯ অনুযায়ী কাস্টমস্ কর্তৃপক্ষ কর্তৃক নিষ্পত্তিকৃত হতে হবে।

৮.৭.৪ সংরক্ষিত মালামাল খোয়া/হারানো/কমপ্রাপ্তি/নষ্ট হয়ে যাওয়া ইত্যাদি কারণে আমদানি ও রপ্তানিকারক কর্তৃক পেশকৃত দাবি, বিধিমতে প্রযোজ্য শুল্ক-করাদি এবং সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের প্রযোজ্য চার্জাদি পরিশোধ করতে হবে। তবে মালামাল গ্রহণের ৩০ দিনের মধ্যে ডেলিভারি বা শিপমেন্ট না হলে সে ক্ষেত্রে অভিযোগ প্রাপ্তির পর মনিটরিং কমিটি তদন্ত স্বাপেক্ষে দাবি সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

**৮.৮ কন্টেইনার পরিবহন সংস্থা/অপারেটর এর সাথে আইসিডি/সিএফএস এর সম্পর্ক ঃ**

৮.৮.১ জাতীয় রাজস্ব বোর্ডের অফিস আদেশ ৩(১)রপ্তানি ও বন্ড/৯৬/৫৪৮-৫৫৬, তারিখ ৩০/০৩/১৯৯৮ খ্রিঃ মতে বিল অব লেডিং/ ট্রান্সপোর্ট ডকুমেন্টের উপর আইসিডির নাম উল্লেখ থাকতে হবে এবং শিপিং এজেন্ট/এমএলও নিজ দায়িত্বে ও নিজ খরচে উক্ত নির্দিষ্ট আইসিডিতে কন্টেইনার প্রেরণ করবে। দ্বিপাক্ষিক চুক্তির (দায়-দায়িত্বের বিষয়ে সুনির্দিষ্ট ও বিস্তারিতভাবে উল্লেখ সম্বলিত) মাধ্যমে এই পরিবহন কাজটি আইসিডি অপারেটর কিংবা অন্য কোনো পরিবহন ঠিকাদারের মাধ্যমে এমএলও/শিপিং এজেন্টগণ করতে পারবে।

৮.৮.২ কন্টেইনার পরিবহন কাজে ব্যবহৃত যানবাহন (আইসিডির নিজস্ব যানবাহনসহ) অবশ্যই নিরপেক্ষ, বিধিবদ্ধ মানসম্পন্ন ও নিরাপত্তা ব্যবস্থা সম্বলিত হতে হবে। এক্ষেত্রে চালককে হেভি লাইসেন্সধারী হতে হবে ও যানবাহনের ফিটনেস সার্টিফিকেট সংশ্লিষ্ট গেইটে প্রদর্শনের জন্য সঙ্গে রাখতে হবে।



৮.৮.৩ আইসিডি/সিএফএস কর্তৃক রপ্তানি পণ্য গ্রহণের পর থেকে জাহাজিকরণ পর্যন্ত কোনো দুর্ঘটনা হলে প্রয়োজনীয় ক্ষতিপূরণ প্রদানের লক্ষ্যে আইসিডি/সিএফএস পরিচালনাকারী এবং এমএলও এর ইন্স্যুরেন্স কাভারেজ থাকতে হবে। আমদানি পণ্যের ক্ষেত্রেও একই পদ্ধতি প্রযোজ্য হবে। ব্যবহৃত যানবাহনের জন্য যথাযথ ইন্সুরেন্স কভারেজ থাকতে হবে।

৮.৮.৪ পরিবহনের ক্ষেত্রে কোনো দূর্ঘটনা হলে চালানের ইনভয়েজ মূল্য, বন্দরের চার্জ ও শুল্ক করাদি শিপিং কোম্পানি/এমএলও পরিশোধ করবে। এক্ষেত্রে তাদের মাল্টি মোডাল পরিবহনের সিআইপি ইন্সুরেন্স থাকতে হবে।

## ৯. আইসিডি/সিএফএস এর সেফটি ও সিকিউরিটিঃ

৯.১ কাস্টমস্ এ্যাক্ট, ১৯৬৯ অনুযায়ী আইসিডি/সিএফএস এলাকা নিরাপত্তা দেয়াল পরিবেষ্টিত হতে হবে এবং প্রয়োজনীয় সংখ্যক গেইট ও গেইট হাউজ স্থাপন করতে হবে।

৯.২ আইসিডি অপারেটর তার নিজস্ব অথবা স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনকৃত প্রাইভেট নিরাপত্তা প্রতিষ্ঠানের মাধ্যমে নিরাপত্তা বাহিনী নিয়োগ করবে।

৯.৩ বিপজ্জনক ও বিস্ফোরক জাতীয় মালামাল/কন্টেইনার সংরক্ষণ/হ্যান্ডলিংয়ের ক্ষেত্রে ইন্টারন্যাশনাল মেরিটাইম ডেনজারাস গুডস (আইএমডিজি) নীতিমালা অনুসরণ করতে হবে।

৯.৪ কারেন্সি, সিকিউরিটি পেপার, স্ট্যাম্প পেপার ইত্যাদি উচ্চ নিরাপত্তা সংক্রান্ত 'বিশেষ পণ্য' সংরক্ষণের ক্ষেত্রে পৃথকভাবে এলাকা নির্ধারণ করে অতিরিক্ত সরকারি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৯.৫ অগ্নিনির্বাপন ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অনুমোদিত শর্ত ও নমুনা অনুযায়ী অগ্নি নির্বাপনের প্রয়োজনীয় সুবিধা নিশ্চিত করতে হবে।

৯.৬ প্রাথমিক চিকিৎসা ব্যবস্থাসহ এ্যাম্বুলেন্স সুবিধা থাকতে হবে। নিজস্ব এ্যাম্বুলেন্স ব্যবস্থা না থাকলে জরুরি প্রয়োজনে তা সহজলভ্য করার লক্ষ্যে স্থানীয় ক্লিনিক/হাসপাতালের সঙ্গে সংশ্লিষ্ট আইসিডি/সিএফএস এর চুক্তির ব্যবস্থা রাখতে হবে।

১.৭ আইএসপিএস কোড অনুযায়ী নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

## ১০. আইসিডি/সিএফএস নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ঃ

১০.১ আইসিডি/সিএফএস স্থাপন ও পরিচালনার বিষয়ে নৌ-পরিবহন মন্ত্রণালয় সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের মাধ্যমে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের দায়িত্ব পালন করবে। তবে কাস্টমস্ সংক্রান্ত কর্মকান্ড জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এবং বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে থাকবে।

১০.২ আইসিডি/সিএফএস স্থাপন ও পরিচালনার জন্য এ নীতিমালায় বর্ণিত শর্তের কোনো অপব্যবহার বা লঙ্ঘন বা ব্যত্যয় ঘটলে আইসিডি/সিএফএস স্থাপন ও পরিচালনার জন্য অনুমোদন বাতিল ও প্রচলিত আইনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের অধিকার নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের থাকবে।

## ১১. আইসিডি/সিএফএস ট্যারিফ ঃ

১১.১ ট্যারিফ বলতে আইসিডি/সিএফএস পরিচালনাকারী কর্তৃক প্রদেয় বিভিন্ন সার্ভিসের খাতে ধার্য্য চার্জকে বুঝাবে। বিভিন্ন শিপার/কনসাইনি/এমএলও/শিপিং এজেন্ট/ফ্রেইট ফরওয়ার্ডার থেকে আদায়যোগ্য ট্যারিফ নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক গঠিত ট্যারিফ কমিটি নির্ধারণ করবে। যা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়ে কার্যকর হবে।

১১.২ দেশীয় আইন ও আন্তর্জাতিক বিধি বিধান মতে আইসিডি/সিএফএস এর সকল চার্জ (ট্যারিফ) নির্ধারণের জন নৌ-পরিবহন মন্ত্রণালয় একটি কমিটি গঠন করবে। কমিটিতে জাতীয় রাজস্ব বোর্ড, বন্দর কর্তৃপক্ষ ও আইসিডি/সিএফএস এর প্রতিনিধিসহ সরাসরি প্রাইভেট আইসিডি/সিএফএস ব্যবহারকারীদের প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকতে হবে।

১১.৩ আমদানি বা রপ্তানি যে কোনো পণ্য/কন্টেইনার হ্যান্ডলিং করার জন্য আন্তর্জাতিক বিধি-বিধান বর্হিভুত বা কাস্টমস্/বন্দর কর্তৃপক্ষের নির্দেশনা বহির্ভূত কোনো অর্থ দাবি বা পণ্য জিম্মি করে অর্থ আদায় করা যাবে না। এরূপ অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট আইসিডি/সিএফএস কে মনিটরিং কমিটির তদন্ত ও সুপারিশ মোতাবেক জরিমানাসহ উক্ত বে-আইনী আদায়কৃত অর্থ ফেরৎ দিতে বন্দর কর্তৃপক্ষ নির্দেশ দিতে পারবে এবং সংশ্লিষ্ট আইসিডি/সিএফএস এর কন্টেইনার গ্রহণ/প্রেরণ স্থগিত করতে পারবে।



## ১২. আইসিডি/সিএফএস এ শ্রমিক নিয়োগ ঃ

প্রচলিত শ্রম আইনের আওতায় শ্রমিক নিয়োগ এবং উক্ত আইনের আওতায় প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করতে হবে। প্রতিটি আইসিডি/সিএফএস এ নির্দিষ্ট সংখ্যক নিয়মিত (নিজস্ব) দক্ষ শ্রমিক থাকতে হবে। এই সংখ্যা আইসিডি/সিএফএস এর আয়তন ও পণ্য হ্যান্ডলিং এর ভিত্তিতে হতে হবে।

## ১৩. আইসিডি/সিএফএস এর কার্যক্রম পর্যবেক্ষণের জন্য 'মনিটরিং কমিটি' থাকবে।

১৩.১ মনিটরিং কমিটি গঠন ঃ

ক) পরিচালক (পরিবহন) - আহ্বায়ক

খ) প্রধান প্রকৌশলী (যান্ত্রিক) - সদস্য

গ) পরিচালক (নিরাপত্তা) - সদস্য

ঘ) কাস্টমস্ এর প্রতিনিধি (জয়েন্ট কমিশনার এর নিম্নে নহে) - সদস্য

ঙ) চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর প্রতিনিধি (পরিচালক পর্যায়ের নিম্নে নহে) - সদস্য

চ) বিজিএমইএ কর্তৃক মনোনীত প্রতিনিধি (পরিচালক পর্যায়ের নিম্নে নহে) - সদস্য

ছ) শিপিং এজেন্টস এসোসিয়েশন কর্তৃক মনোনীত প্রতিনিধি (পরিচালক পর্যায়ের নিম্নে নহে) - সদস্য

জ) বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন কর্তৃক মনোনীত প্রতিনিধি (পরিচালক পর্যায়ের নিম্নে নহে) - সদস্য

ঝ) বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা) কর্তৃক মনোনীত প্রতিনিধি (পরিচালক পর্যায়ের নিম্নে নহে) - সদস্য

ঞ) সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন কর্তৃক মনোনীত প্রতিনিধি (সম্পাদক পর্যায়ের নিম্নে নহে) - সদস্য

ট) টার্মিনাল ম্যানেজার - সদস্য সচিব

১৩.২ মনিটরিং কমিটির কার্য পরিধি ঃ

ক) কমিটি সময় সময় (ন্যূনতম বছরে ৪ বার) এই নীতিমালার আলোকে আইসিডি/সিএফএস পরিচালিত হচ্ছে কিনা তা মনিটরিং করবে এবং কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করবে।

খ) কোনো অভিযোগ পাওয়া গেলে বা কোনো অনিয়ম পরিলক্ষিত হলে প্রয়োজনে উক্ত মনিটরিং কমিটি জরুরি ভিত্তিতে সভা আহ্বান করবে এবং প্রয়োজনীয় তদনান্তে আইসিডি/সিএফএস এর সহিত বন্দরের কর্মকাণ্ড স্থগিত বা জরিমানা ইত্যাদির জন্য বন্দর কর্তৃপক্ষের নিকট সুপারিশ করবে।

গ) কমিটির এক তৃতীয়াংশ সদস্যের (আহ্বায়কসহ) উপস্থিতিতে কোরাম হবে এবং প্রয়োজনীয় সুপারিশ প্রদান করতে পারবে।

ঘ) মনিটরিং কমিটি আইসিডি/সিএফএস সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নীতিমালায় নির্ধারিত যন্ত্রপাতিসহ সকল সুযোগ-সুবিধাদি যথাযথ আছে কিনা তা যাচাই করে লাইসেন্স অনুমোদন/নবায়নের জন্য সুপারিশ করবে।

ঙ) কোনো আইসিডি/সিএফএস এর জায়গার আয়তন, লোকবল ও যন্ত্রপাতির তালিকা মতে মনিটরিং কমিটির সুপারিশের ভিত্তিতে বন্দর কর্তৃপক্ষ সেই আইসিডি/সিএফএস কর্তৃক বার্ষিক কন্টেইনার হ্যান্ডলিং ক্ষমতা নির্ধারণ করতে পারবে।

চ) আইসিডি/সিএফএস এর কর্মকাণ্ড, ট্যারিফ বিষয়ে বা প্রয়োজনে এ নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের জন্য কর্তৃপক্ষ বরাবর সুপারিশ পেশ করতে পারবে।

## ১৪. আচরণবিধি ঃ

আইসিডি/সিএফএস অপারেটর এবং সংশ্লিষ্ট ব্যবহারকারীগণ আইসিডি/ সিএফএস পরিচালনার ক্ষেত্রে কাস্টমস্ লাইসেন্স বিধিবিধান ও বন্দরের নির্দেশনাবলি আচরণবিধি হিসেবে অনুসৃত হবে।

## ১৫. আইসিডি/সিএফএস এর জন্য প্রযোজ্য করণীয় ঃ

১৫.১ এ নীতিমালা জারীর পূর্বে যে সমস্ত আইসিডি/সিএফএস অপারেশনাল রয়েছে সে সকল আইসিডি/ সিএফএস নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করবে ঃ

ক) অতিবর্ষণের কারণে জলাবদ্ধতা থেকে প্রতিকারের জন্য ফ্লোর/ইয়ার্ড উঁচুকরণ।

খ) আধুনিক মানসম্মত ড্রেনেজ ব্যবস্থাকরণ ।

গ) উপ-অনুচ্ছেদ ৬.৬ অনুযায়ী ইকুইপমেন্ট সংগ্রহকরণ ।

ঘ) আইএসপিএস কোড অনুস্মরণ।

ঙ) এই নীতিমালা অনুযায়ী নির্ধারিত ট্যারিফ ও আচরণবিধি অনুস্মরণ।



১৫.২ ক) আইসিডি/সিএফএস এর আয়তন ও কন্টেইনার হ্যান্ডলিং ক্ষমতা অনুসারে উপ-অনুচ্ছেদ ৬.৬ এ বর্ণিত যন্ত্রপাতির তালিকামতে এবং অন্যান্য সুযোগ-সুবিধা সম্বলিত সংশ্লিষ্ট বিষয়ে লাইসেন্স নবায়নের পূর্বে মনিটরিং কমিটি কর্তৃক পরিদর্শন পূর্বক বন্দর কর্তৃপক্ষের সনদ গ্রহণ।

খ) লাইসেন্স নবায়নের সময় বিগত অর্থ বছরের কন্টেইনার হ্যান্ডলিং এর তালিকা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

গ) প্রাইভেট আইসিডি/সিএফএস পরিচালনাকারী বন্দর কর্তৃপক্ষ এবং কাস্টমস্ কর্তৃপক্ষের নিকট প্রতি ৬ মাসে অপারেশন সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবে।

ঘ) বন্দর ও কাস্টমস্ কর্তৃপক্ষ তা পর্যালোচনা করে খারাপ পারফর্মেন্স বা চুক্তির ব্যত্যয় ঘটলে লাইসেন্স স্থগিত বা বাতিল করতে পারবে।

## ১৬. নীতিমালা সংশোধন ঃ

১৬.১ এ নীতিমালার কোনো রূপ পরিবর্তন,পরিবর্ধন,সংশোধন ও সংযোজনের প্রয়োজন হলে ১৩.১ অনুচ্ছেদে বর্ণিত কমিটির সুপারিশক্রমে নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়ে তা কার্যকর হবে।

১৬.২ এ নীতিমালা সম্পর্কিত কোনো বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে নৌ-পরিবহন মন্ত্রণালয় তা প্রদান করবে।

## ১৭. বিরোধ নিস্পত্তিকরণ ঃ

১৭.১ কোনো অফডকের কোনো কর্মকান্ডে/আচরণে কোনো রপ্তানিকারক/ আমদানিকারক, কোনো এমএলও/ফরওয়ার্ডার/কোনো সিএন্ডএফ এজেন্ট বা কোনো ব্যবসায়ী ক্ষতিগ্রস্থ হলে, অথবা ব্যবহারকারীগণ কর্তৃক অফডক ক্ষতিগ্রস্থ হলে উভয় পক্ষ প্রতিকার চেয়ে বন্দর চেয়ারম্যানের নিকট আবেদন করতে পারবে। বন্দর চেয়ারম্যান উক্ত বিরোধ নিস্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৭.২ কোনো অফডকের কোনো কর্মকান্ড/আচরনে সরকারি রাজস্ব বা দেশের বৈদেশিক মুদ্রা ক্ষতিগ্রস্থ হলে কাস্টমস্ কর্তৃপক্ষ বা সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে তা উদ্ধারের লক্ষ্যে আইনানুগ যে কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

## আইসিডি/সিএফএস স্থাপনের জন্য আবেদনপত্রের ছক

১. আবেদনকারীর নাম ও ঠিকানা ঃ

২. প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

৩. আইসিডি/সিএফএস স্থাপনের জন্য প্রস্তাবিত স্থান ঃ
(মৌজা, খতিয়ান ও দাগ নম্বর উল্লেখ করতে হবে)

৪. ঠিকানা ঃ

৫. জায়গার পরিমাণ ঃ

৬. স্থান নির্ধারণের যৌক্তিকতা ঃ

৭. নিজস্ব/ক্রয়কৃত/ভাড়া (লিজ) জমি ঃ
(দলিলের সত্যায়িত কপি দাখিল করতে হবে)

৮. নিকটবর্তী মহাসড়ক/রেলওয়ে স্টেশন/সমুদ্র/স্থলবন্দর হতে প্রস্তাবিত আইসিডি/সিএফএস এর দূরত্ব ঃ
(উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে)

৯. বিওআই/বেপজা রেজিস্ট্রেশন নাম্বার (কপি দাখিল করতে হবে) ঃ

১০. প্রস্তাবিত আইসিডি/সিএফএস এর আগামী ১০ বছরে হ্যান্ডলিংতব্য কন্টেইনার ও মালামালের অভিক্ষেপন (forecast) টিইইউএস ঃ
মেট্রিকটন ঃ

১১. আমদানি ঃ

১২. রপ্তানি ঃ

১৩. প্রস্তাবিত আইসিডি/সিএফএস এর ট্রাক পার্কিং নকশা, নূন্যতম ২টি গেট ও শ্রমিকদের ন্যূনতম স্বাস্থ্যসেবার জন্য জরুরী নার্সিং সুবিধার নির্ধারিত রুমসহ অন্যান্য অবকাঠামোগত সুবিধার লে-আউট প্ল্যান ঃ

১৪. অবকাঠামোগত সুবিধাদির বিবরণ ঃ
(নিজস্ব ও কাস্টমস্ কর্তৃপক্ষের জন্য অফিস, শিপিং লাইন/এজেন্টদের জন্য অফিস, ইয়ার্ড, বাউন্ডারি ওয়াল, গেইট ও গেইট হাউজ, ব্যারাক, নিরাপত্তা টাওয়ার ওজন সেতু/ওজনের জন্য সুবিধাদি, কন্টেইনার ও কার্গো স্ক্যানিং সুবিধা, সিসিটিভি ক্যামেরা সুবিধা, লাইটিং ব্যবস্থা, ফায়ারফাইটিং ইক্যুইপমেন্ট, রিফার প্লাগ পয়েন্ট, কেবিন, টয়লেট, খাবার পানি ইত্যাদি সুবিধাসহ অন্যান্য আনুষাঙ্গিক সুবিধাদি)



১৫. যন্ত্রপাতির বিবরণী(কন্টেইনার/মালামাল হ্যান্ডলিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা)ঃ

১৬. প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও মেয়াদ (বাস্তবায়ন ও পরিচালনা) ঃ

১৭. আবেদনকারী প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা (ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, টিআইএনসহ বিগত তিন বছরের আয়কর রিটার্ন) ঃ

১৮. আইসিডি/সিএফএস পরিচালনার জন্য প্রস্তাবিত ট্যারিফ সিডিউল ঃ

১৯. আইসিডি/সিএফএস পরিচালনার জন্য প্রতিষ্ঠানের দীর্ঘ মেয়াদি পরিকল্পনা ঃ

২০. বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ১৮(এ) এবং ১৮(বি) ধারায় বাংলাদেশ ব্যাংক এর অনুমতিপত্র ঃ

২১. পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ঃ

২২. ট্রেড লাইসেন্স, মূসক সনদ

২৩. ফায়ার লাইসেন্স ঃ

২৪. অগ্নী ও দুর্যোগ বীমা সনদ

২৫. আবেদনপত্রের সাথে উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত সম্ভাব্যতা যাচাই/সমীক্ষার প্রতিবেদন (ফিজিবিলিটি রিপোর্ট)

২৬. কোম্পানির মেমোরান্ডাম (প্রযোজ্য ক্ষেত্রে)

২৭. বন্দর কর্তৃক নির্ধারিত আবেদন ফি জমা রশিদ

২৮. আবেদনপত্র ফরমে উল্লেখিত অন্যান্য চাহিদার / প্রমাণপত্র দলিলাদি

২৯. অন্যান্য প্রযোজ্য তথ্যাদি ঃ

আবেদনকারীর স্বাক্ষর ও সীলমোহর

## আইসিডি এর জন্য ন্যূনতম প্রয়োজনীয় কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইকুইপমেন্ট

১। বিষয়োক্ত আইসিডি এ ন্যূনতম যে সমস্ত কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইক্যুইপমেন্ট কার্যোপযোগী থাকতে হবে তার পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হলোঃ-

ক) লোড কন্টেইনার হ্যান্ডলিং এর জন্যঃ-

a) Rail Mounted Gantry Crane - 2 units or
b) Rubber Tyred Gantry Crane - 3 units or
c) Straddle Carrier (4 High) - 3 units or
d) Reach Staker (3 High) - 3 units or
e) Front Loader (3 High) - 3 units.

খ) খালী কন্টেইনার হ্যান্ডলিং এর জন্যঃ-

a) Empty Container Handler/ Front loader/Reach Stacker - 2 units

গ) স্ট্যাফিং/আন-স্ট্যাফিং ইক্যুইপমেন্টঃ-

a) Lowmast Forklift truck - 5 units

ঘ) ট্রান্সপোর্টেশান ইকুইপমেন্টঃ-

a) Tractor- Trailer - 18 units

২। অনুচ্ছেদ-১ এ বর্ণিত ইকুইপমেন্টের সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা হয়েছেঃ-

ক) আইসিডি এর অপারেশনাল এরিয়া ১০ একর (প্রায় ০৪ হ্যাক্টর)।
খ) আইসিডি হতে বন্দরের দূরত্ব ন্যূনতম ২০ কিলোমিটার।
গ) আইসিডি হতে বন্দরে দৈনিক কন্টেইনার আনা নেয়ার সংখ্যা আনুমানিক ১০৫ বক্স।
ঘ) ৪০´ কন্টেইনার ঃ ২০´ কন্টেইনার অনুপাত ৬৫ঃ৩৫
ঙ) Land utilization: RMG- 1000 TEUS/hectare, RTG- 700 TEUS/hectare, Straddle Carrier- 400 TEUS/hectare, RST- 325 TEUS/hectare and Front loader- 275 TEUS/hectare.
চ) গড় ডুয়েল টাইম ১০ দিন।
ছ) প্রতি বছরে কন্টেইনার হ্যান্ডলিং ক্ষমতা RMG- 40,000 boxes, RTG- 20,000 boxes, Straddle Carrier- 15,000 boxes, RST- 10,000 boxes and Front loader- 8,000 boxes.



৩। আইসিডি এর প্রকৃত এরিয়া এর ভিত্তিতে আনুপাতিক হারে ইকুইপমেন্টের সংখ্যা নির্ধারিত হবে।

**১০ একর অর্থাৎ ৪ হেক্টর জায়গার উপর স্থাপিত আইসিডি ও সিএফএস এর জন্য নূন্যতম প্রয়োজনীয় কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইকুইপমেন্টের পরিমাণ নির্ধারণ।**

**ক) লোড কন্টেইনার হ্যান্ডলিং এর জন্য ঃ-**

১। আরএমজি ঃ-
প্রতি হেক্টরে ধারণক্ষমতা = ১০০০ টিইইউএস (৪০´ ঃ ২০´ = ৬৫ ঃ ৩৫ ধরে)
= ৬৭৫ বক্স
৪ হেক্টরের ধারণক্ষমতা = ৪ x ৬৭৫
= ২,৭০০ বক্স
বৎসরে হ্যান্ডলিং এর পরিমাণ = ২,৭০০ x ৩৫ (গড় ডুয়েল টাইম ১০ দিন ধরে)
= ৯৪,৫০০ বক্স
আরএমজি এর সংখ্যা = ৯৪,৫০০ ÷ ৪০,০০০
(প্রতি আরএমজি এর বছরে হ্যান্ডলিং
= ২.৩৬২৫ = ২টি ৪০,০০০ ধরে)

অথবা

২। আরটিজি ঃ-
প্রতি হেক্টরে ধারণক্ষমতা = ৭০০ টিইইউএস (৪০´ ঃ ২০´ = ৬৫ ঃ ৩৫ ধরে)
= ৪৭৩ বক্স
৪ হেক্টরের ধারণক্ষমতা = ৪ x ৪৭৩
= ১,৮৯২ বক্স
বৎসরে হ্যান্ডলিং এর পরিমাণ = ১,৮৯২ x ৩৫ (গড় ডুয়েল টাইম ১০ দিন ধরে)
= ৬৬,২২০ বক্স
আরটিজি এর সংখ্যা = ৬৬,২২০ ÷ ২০,০০০
(প্রতি আরটিজি এর বছরে হ্যান্ডলিং
= ৩.৩১১ = ৩টি ২০,০০০ ধরে)

অথবা

৩। স্ট্র্যাডেল ক্যারিয়ার ঃ-
প্রতি হেক্টরে ধারণক্ষমতা = ৪০০ টিইইউএস (৪০´ ঃ ২০´ = ৬৫ ঃ ৩৫ ধরে)
= ২৭০ বক্স
৪ হেক্টরের ধারণক্ষমতা = ৪ x ২৭০
= ১,০৮০ বক্স
বৎসরে হ্যান্ডলিং এর পরিমাণ = ১,০৮০ x ৩৫ (গড় ডুয়েল টাইম ১০ দিন ধরে)
= ৩৭,৮০০ বক্স

স্ট্র্যাডেল ক্যারিয়ার এর সংখ্যা = ৩৭৮০০ ÷ ১৫,০০০
(প্রতি স্ট্র্যাডেল ক্যারিয়ার এর বছরে
= ২.৫২০ = ৩টি হ্যান্ডলিং ১৫,০০০ ধরে)

অথবা

৪। রীচ স্টেকার ঃ-

প্রতি হেক্টরে ধারণক্ষমতা = ৩২৫ টিইইউএস (৪০′ ঃ ২০′ = ৬৫ ঃ ৩৫ ধরে)
= ২২০ বক্স

৪ হেক্টরের ধারণক্ষমতা = ৪ x ২২০
= ৮৮০ বক্স

বৎসরে হ্যান্ডলিং এর পরিমাণ = ৮৮০ x ৩৫ (গড় ডুয়েল টাইম ১০ দিন ধরে)
= ৩০,৮০০ বক্স

রীচ স্টেকার এর সংখ্যা = ৩০৮০০ ÷ ১০,০০০
(প্রতি রীচ স্টেকার এর বছরে হ্যান্ডলিং
= ৩.০৮ = ৩টি ১০,০০০ ধরে)

অথবা

৫। ফ্রন্ট লোডার (এফএলটি) ঃ-

প্রতি হেক্টরে ধারণক্ষমতা = ২৭৫ টিইইউএস (৪০′ ঃ ২০′ = ৬৫ ঃ ৩৫ ধরে)
= ১৮৫ বক্স

৪ হেক্টরের ধারণক্ষমতা = ৪ x ১৮৫
= ৭৪০ বক্স

বৎসরে হ্যান্ডলিং এর পরিমাণ = ৭৪০ x ৩৫ (গড় ডুয়েল টাইম ১০ দিন ধরে)
= ২৫,৯০০ বক্স

এফএলটি এর সংখ্যা = ২৫,৯০০ ÷ ৮,০০০
(প্রতি ফ্রন্ট লোডার এর বছরে হ্যান্ডলিং
= ৩.২৩৭৫ = ৩টি ৮,০০০ ধরে)

**খ) খালী কন্টেইনার হ্যান্ডলিং ইকুইপমেন্ট ঃ**

প্রতি ৪ হেক্টরে বৎসরে স্ট্র্যাডেল ক্যারিয়ার দিয়ে লোড কন্টেইনার বিবেচনায় মোট লোড কন্টেইনার হ্যান্ডলিং এর সংখ্যা

= ৪০০ টিইইউএস/হেক্টর x ৪ x ৩৫
= ২৭০ বক্স x ৪ x ৩৫
= ৩৭,৮০০ বক্স

মোট হ্যান্ডলিং এর ৫০% খালী কন্টেইনার বিবেচনায় খালী কন্টেইনারের সংখ্যা
= ৩৭,৮০০/২ = ১৮,৯০০ বক্স

এম্পটি হ্যান্ডলার/ফ্রন্ট লোডার এর সংখ্যা
= ১৮৯০০ ÷ ১০,০০০= ১.৮৯টি = ২টি



**গ) স্ট্যাফিং/আনস্ট্যাফিং ইকুইপমেন্ট ঃ-**

উপরে খ অনুচ্ছেদ অনুযায়ী মোট বক্স হ্যান্ডলিং = ৩৭,৮০০ বক্স

উক্ত বক্সের ৫০% বক্স ডেলিভারি ও ৫০% বক্স রিসিভিং বিবেচনায় স্ট্যাফিং/আনস্ট্যাফিং

কন্টেইনারের সংখ্যা = ৩৭,৮০০ ÷ ২ = ১৮,৯০০ বক্স

প্রতিদিন গড়ে স্ট্যাফিং/আনস্ট্যাফিং কন্টেইনারের সংখ্যা
= ১৮,৯০০ ÷ ৩৬০
= ৫২.৫টি = ৫৩ বক্স

প্রতি শিফটে হ্যান্ডলিং = ৫৩ ÷ ৩ = ১৭.৬৬ = ১৮ বক্স

প্রতি শিফটে ইকুইপমেন্ট এর প্রয়োজন
= ১৮ ÷ ১০ = ১.৮ = ২টি
৫ টনী লো-মাষ্ট ফর্কলিফট ট্রাক

**ঘ) ট্রান্সপোর্টেশান ইকুইপমেন্ট (ট্রাক্টর - ট্রেইলার ইউনিট) ঃ-**

স্ট্র্যাডেল ক্যারিয়ার হ্যান্ডলিং বিবেচনায় বছরে হ্যান্ডলিং = ৩৭,৮০০ বক্স

দৈনিক গড় হ্যান্ডলিং = ৩৭,৮০০ ÷ ৩৬০ = ১০৫ বক্স

প্রতি ট্রেইলার ২০ কিঃ মিঃ দূরত্বে দৈনিক সর্বমোট ৮ রাউন্ড ট্রিপ বিবেচনায় এবং ৫০% সময় একদিকে খালি চলাচল করবে বিবেচনায় দৈনিক ৬ বক্স পরিবহন করতে পারবে বিবেচনায় ট্রাক্টর ট্রেইলারের সংখ্যা
= ১০৫ ÷ ৬ = ১৭.৫০ = ১৮টি

অভ্যন্তরীণ পরিবহনের জন্য আরো ৯টি বিবেচনায় মোট ট্র্যাক্টর ট্রেইলারের সংখ্যা
= ১৮+৯ = ২৭টি